রোগীর জন্য নিজে ELRiSE MDS RETACRIT® প্রয়োগের নির্দেশ - সংস্করণ 1

RETACRIT® স্টোরেজ

1. প্রতিটি পরিকল্পিত ডোজের জন্য আপনার স্টাডি কোঅর্ডিনেটার (SC) আপনাকে অধ্যয়নের ওষুধ অর্থাৎ স্টাডি ড্রাগ RETACRIT® (শিশি কিংবা আগে থেকে ভরাট অর্থাৎ প্রিফিল্ড সিরিঞ্জ), নিজে প্রয়োগের সরঞ্জাম (সিরিঞ্জ, সূঁচ, অ্যালকহল সোয়াব, তুলোর গজ, লাল শার্পসের পাত্র) এবং নিজে ব্যবহারের ডায়রি কার্ড(সমূহ) দেবেন।

2. বরফের প্যাক সহ যে স্টাডি কুলার ব্যাগ দেওয়া হয়েছে তাতে RETACRIT® বাড়ি নিয়ে যাবেন।
   RETACRIT® **ফ্রিজে** 36°F থেকে 46°F (2°C থেকে 8°C)-এ জমা করে রাখবেন।
   RETACRIT® আলো থেকে আড়াল করে রাখবেন (প্যাকেটের মধ্যে রাখবেন)।
   যখন আপনার ফ্রিজে RETACRIT® রাখবেন সেই সময় ও তারিখ নিজে ব্যবহারের ডায়েরি কার্ডে রেকর্ড করে রাখবেন।
   RETACRIT® ঝাঁকাবেন না বা বরফ জমা করে রাখবেন না; RETACRIT® বরফ জমা হয়ে গেলে ব্যবহার করবেন না।
   যদি RETACRIT® কার্টনের ভিতরকার ফ্রিজার স্ট্রিপ ইন্ডিকেটারের **সবুজ** অংশ **সাদা বা ঘোলাটে** দেখায় তাহলে শিশি ব্যবহার করবেন না।

3. RETACRIT® তরল **স্বচ্ছ** এবং **বর্ণহীন**। তরল যদি বিবর্ণ বা ঘোলাটে দেখায়, কিংবা যদি ঐ তরলে ডেলা, পরত, বা কণা দেখা যায় তাহলে RETACRIT® ব্যবহার করবেন না।

প্রয়োগের দিন RETACRIT® তৈরি করা

4. আপনি নিজে ব্যবহারের যে ডায়েরি কার্ড পেয়েছেন সেটা আবার পরীক্ষা করে নিন এবং RETACRIT® ডোজের পরিকল্পিত তারিখ, মিলিলিটারে (mL) পরিকল্পিত ডোজের মোট পরিমাণ এবং যত গুলি শিশি বা প্রিফিল্ড সিরিঞ্জ দরকার সেসব খুঁজে নিন।
   আপনার যদি কোনও প্রশ্ন থাকে, অবিলম্বে আপনার স্টাডি ডাক্তারকে যোগাযোগ করুন।

5. যেসব সরঞ্জাম দেওয়া হয়েছে যেমন সিরিঞ্জ, সূঁচ (নীডল), অ্যালকহল সোয়াব (অন্তত 2), তুলোর গজ এবং লাল শার্পসের পাত্র একত্র করে নিন।
   যতটা পরিমাণ RETACRIT® প্রয়োজন শুধু ততটা ফ্রিজ থেকে বার করে নিন। ফ্রিজ থেকে যখন বার করবেন সেই সময় রেকর্ড করে রাখুন। এই সময়ে, আলো থেকে RETACRIT® শিশি আড়াল করে রাখুন।

6. সাবান ও জল দিয়ে আপনার হাত ধুয়ে নিন।

RETACRIT® শিশি দেওয়া হলে ধাপ 7 থেকে 13 অনুসরণ করুন (প্রিফিল্ড সিরিঞ্জের জন্য তারপর ধাপ 12-এ যান)

7. RETACRIT® শিশির উপরে শিশির একটা রঙিন ঢাকনা থাকে। ঢাকনা খুলে নিন ও যে অ্যালকহল ওয়াইপ দেওয়া হয়েছে সেটা দিয়ে শিশির উপরের রাবার স্টপার মুছে নিন। একবার অ্যালকোহল শুকিয়ে গেলে, এটি ব্যবহারের জন্য প্রস্তুত। (ওয়াইপ ফেলে দিন)।

8. অধ্যয়নের কর্মচারী যেমন নির্দেশ দিয়েছিলেন সেইমত একটা সূঁচ দিয়ে সিরিঞ্জ তৈরি করে নিন। প্লাঞ্জার পিছনে টেনে নিন এবং সিরিঞ্জে হাওয়া ভরে নিন; যতটা পরিমাণ RETACRIT® তরল প্রয়োজন হাওয়া ততটা পরিমাণ হওয়া উচিৎ। বোতলে সমস্ত হাওয়া ইনজেক্ট করে দিন।

রোগীর জন্য নিজে ELRiSE MDS RETACRIT® প্রয়োগের নির্দেশ - সংস্করণ 1

9. সূঁচ শিশির ভিতরে রাখবেন। শিশি ও সিরিঞ্জ এমনভাবে উল্টো করে রাখুন যাতে সুচের ডগা RETACRIT তরলে থাকে। আস্তে করে প্লাঞ্জার টেনে নিন যাতে ডায়েরি কার্ডে দেওয়া ডোজে RETACRIT® তরল সিরিঞ্জে ভরা হয়।

10. সিরিঞ্জে যাতে সঠিক ডোজ থাকে সেটা আবার যাচাই করে নিন। যতক্ষণ না ইনজেক্ট করা হয় ততক্ষণ সূঁচ ভিতরে রেখে শিশি এক পাশে করে রাখুন। মোট পরিকল্পিত ডোজের পরিমাণ তৈরি করার জন্য একটার বেশি সিরিঞ্জ ও শিশির প্রয়োজন হলে ধাপ 7-9 এর পুনরাবৃত্তি করুন।

11. সব ব্যবহৃত ও অব্যবহৃত শিশি রেখে দিন এবং আপনার পরবর্তী ভিজিটে ক্লিনিকে ফেরত দিয়ে দেবেন।

12. ***আপনার স্টাডি ডাক্তার ও স্টাডি কোঅর্ডিনেটার আপনাকে যেমন শিখিয়েছেন সেই মত সিরিঞ্জ তৈরি করার পদ্ধতি ও নিজে ইনজেক্ট করার নির্দেশ অনুসরণ করুন।***

13. আপনার ইনজেক্সনের জন্য আপনার পেট (বা প্রয়োজন হলে আপনার ঊরুর উপরের অংশ বা বাহুর উপরের অংশ)-এর ত্বকে ইনজেক্ট করার জায়গা বেছে নিন। নতুন একটা অ্যালকহল ওয়াইপ দিয়ে, মাঝখান থেকে শুরু করে বাইরের দিকে ঘুরিয়ে ঘুরিয়ে বৃত্তাকারে আপনার ত্বকে অ্যালকহল ঘষে নিন। ত্বক শুকিয়ে যাওয়া পর্যন্ত অপেক্ষা করুন। ওয়াইপ ফেলে দিন।

প্রয়োগের দিন রেটাক্রিট (RETACRIT) ইনজেক্ট করা

14. আপনি যে হাত দিয়ে ইনজেক্ট করবেন সেই হাত দিয়ে তৈরি করা সিরিঞ্জ ধরে রাখুন। আপনার অন্য হাত দিয়ে ত্বক চিমটি দিয়ে ধরে ঐ জায়গায় (সাইটের নির্দেশ অনুসারে) সূঁচ বিঁধিয়ে দিন। নোট করুন: সিরিঞ্জে রক্ত ঢুকে গেলে, সূঁচ টেনে বার করে ফেলে দেবেন। নতুন সিরিঞ্জ দিয়ে আবার শুরু করুন।

15. ত্বকের নিচে সিরিঞ্জের সমস্ত RETACRIT® তরল ইনজেক্ট না হওয়া পর্যন্ত আস্তে করে প্লাঞ্জার ঠেলতে থাকুন। সূঁচ সরিয়ে দিন এবং ঐ স্থান তুলোর গজ দিয়ে চেপে ধরে রাখুন ও দরকার হলে ব্যান্ডেজ ব্যবহার করুন।

16. সুচে আবার ঢাকনা দিয়ে রাখবেন না, স্টাডি কোঅর্ডিনেটরের (SC) দেওয়া লাল শার্পসের বাক্সে ফেলার জন্য তখনই সিরিঞ্জ ও সূঁচ ফেলে দিন।

17. মোট ডোজের পরিমাণের জন্য একটার বেশি সিরিঞ্জের দরকার হলে ধাপ #12-16 এর পুনরাবৃত্তি করুন।

18. নিজে ব্যবহার করার ডায়েরি কার্ডে রেকর্ড করুন।
    - ক. ফ্রিজ থেকে যখন RETACRIT® শিশি(গুলি) বার করা হয়েছে সেই তারিখ ও সময়
    - খ. ইনজেক্সনের তারিখ
    - গ. ইনজেক্সনের সময়
    - ঘ. ইনজেক্সনের স্থানের সংখ্যা
    - ঙ. ইনজেক্ট করা RETACRIT® এর মোট পরিমাণ (মিলিলিটার)
    - চ. কার্ডে দেওয়া ছবিতে একটা ছোট x চিহ্ন দিয়ে ইনজেক্সনের স্থান দেখিয়ে রাখুন
    - ছ. পরিকল্পিত তারিখের থেকে আলাদা দিনে কিংবা পরিকল্পিত পরিমাণ থেকে আলাদা পরিমাণ ইনজেক্ট করা হয়ে থাকলে, অনুগ্রহ করে কারণ জানান
    - জ. যে ব্যক্তি ইনজেক্সন তৈরি করেছে ও দিয়েছে তার নাম লিখে রাখুন:

19. ব্যবহৃত RETACRIT® শিশি রেখে দিন। আপনার আগামী অনসাইট স্টাডি ভিজিটে ক্লিনিকে সব ব্যবহৃত শিশি এবং সব সম্পূর্ণ করা নিজে ব্যবহারের কার্ড ফেরত দিয়ে দেবেন।

রোগীর জন্য নিজে ELRiSE MDS RETACRIT® প্রয়োগের নির্দেশ - সংস্করণ 1

RETACRIT® ব্যবহারের বিষয়ে আপনি বাণিজ্যিক RETACRIT® প্রেসক্রাইব করার তথ্য এবং সম্পূর্ণ FDA-অনুমোদিত নির্দেশ দেখে নিতে পারেন:

US থেকে সংগ্রহ করা শিশি: https://labeling.pfizer.com/ShowLabeling.aspx?id=10738

EU থেকে সংগ্রহ করা প্রিফিল্ড সিরিঞ্জ: www.ema.europa.eu/en/documents/product-information/retacrit-epar-product-information_en.pdf

কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার স্টাডির ডাক্তারকে ফোন করুন